

সাবা | Saba | سَبَأٌ

আয়াতঃ ৩৪ : ৩০

আরবি মূল আয়াত:

قُلْ لَّكُمْ مِيعَادُ يَوْمٍ لَا تَسْتَأْخِرُونَ عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِمُونَ ﴿٣٠﴾

অনুবাদসমূহ:

বল, ‘তোমাদের জন্য রয়েছে একটি দিনের ওয়াদা যা থেকে তোমরা মুহূর্তকাল বিলম্বিত করতে পারবে না আর ত্বরান্বিতও করতে পারবে না’। — আল-বায়ান

বল- তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিন যা তোমরা এক মুহূর্তকালের জন্য বিলম্বিত করতে পারবে না, আর ত্বরান্বিত করতেও পারবে না। — তাইসিরুল

বলঃ তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিন যা মুহূর্তকাল বিলম্বিত করতে পারবেনা, ত্বরান্বিতও করতে পারবেনা। — মুজিবুর রহমান

Say, "For you is the appointment of a Day [when] you will not remain thereafter an hour, nor will you precede [it]." — Sahih International

৩০. বলুন, তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিনের প্রতিশ্রুতি, তা থেকে তোমরা মুহূর্তকালও বিলম্ব করতে পারবে না, আর ত্বরান্বিতও করতে পারবে না।

তফসীরে জাকারিয়া

(৩০) বল, ‘তোমাদের জন্য এক নির্ধারিত দিবস রয়েছে; যা তোমরা মুহূর্তকাল বিলম্বিত করতে পারবে না, ত্বরান্বিতও করতে পারবে না।’ [1]

[1] অর্থাৎ, আল্লাহ তাআলা কিয়ামতের একটি দিন নির্ধারিত করে রেখেছেন; যা একমাত্র তিনিই অবগত। যখন সেই নির্ধারিত সময় এসে যাবে, তখন এক মুহূর্তকালও আগে-পিছে হবে না। (إِنَّ أَجَلَ اللَّهِ إِذَا جَاءَ لَا يُؤَخَّرُ) অর্থাৎ, নিশ্চয়ই আল্লাহ কর্তৃক নির্ধারিত কাল উপস্থিত হলে তা বিলম্বিত হয় না। (সূরা নূহ ৪ আয়াত)

তফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন